# জোয়ান অব আর্ক

গেমটি একটি থার্ড পারসন রোল প্লে-য়িং ধাঁচের গেম। গেমের মূল চরিত্র হচ্ছে জোয়ান অব আর্ক নামের সাহসী এক মেয়ে। এই ঐতিহাসিক মেয়ে চরিত্রটিকে নিয়ে বানানো হয়েছে লক্ষ নাটক, উপন্যাস, মুভি, কার্টুন এবং গেমস। জোয়ানের জন্ম হয়েছিল ১৪১২ সালে পূর্ব ফ্রান্সে এবং সে ছিল একজন ক্যাথলিক ধর্মপ্রাণ মেয়ে। কিন্তু ইংলিশ যোদ্ধাদের সাথে তখন ফ্রান্সের যুদ্ধ চলছিল। জোয়ান মাতৃভূমিকে রক্ষা করার জন্য তলোয়ার হাতে তুলে নেয় এবং সাহসিকতার সাথে বিভিন্ন যুদ্ধে জয়লাভ করে। তবে পরবর্তীতে জোয়ান ইংলিশদের হাতে ধরা পড়ে এবং মৃত্যুদণ্ড দেয়া হয়। একজন মেয়ে হয়েও এমন সাহসিক কার্যকলাপ, নেতৃত্ব দেয়ার ক্ষমতা ও যুদ্ধকৌশল অবলম্বন করায় আজও ইউরোপের লোকজন শ্রদ্ধাভরে স্মরণ করে থাকে এবং তাকে জাতীয় বীরাঙ্গনা হিসেবে স্বীকৃতি প্রদান করেছে। গেমের অন্যতম আকর্ষণীয় দিক হচ্ছে এর থার্ড পারসন ভিউতে খেলার সুবিধা। কারণ, এই ধরনের বেশিরভাগ গেম স্ট্র্যাটেজি টাইপের বা রোল প্লে-য়িং ধাঁচের হয়ে থাকে, কিন্তু এই গেমে জোয়ানকে নিয়ে থার্ড পারসন ভিউতে খেলা যাবে, তলোয়ার যুদ্ধ করা যাবে। এ ছাড়া বিভিন্ন কম্বো প্রয়োগ করে নানারকম ভঙ্গিতে ও নানাদিকে একসাথে আক্রমণ করা যাবে, সেই সাথে শত্রুর আক্রমণ প্রতিহত করা যাবে। গেমের শুরুতে শুধু জোয়ানকে নিয়েই খেলা যাবে, কিন্তু পরবর্তিতে আস্তে আস্তে অন্যান্য গোত্রের লোকজন ও সর্দাররা তার সাথে যোগ দেবে এবং জোয়ানের মিশন সফল করার জন্য একসাথে কাঁধ মিলিয়ে কাজ করবে।

গেমে মধ্যযুগের বিভিন্ন এলাকার প্রায় ৮টি



বিশাল আকারের ম্যাপ দেয়া হয়েছে। প্রতিটি ম্যাপই খুব সুন্দর করে বন, পাহাড়, ঝর্ণা, নদ-নদী দিয়ে সাজানো হয়েছে। এ ছাড়া রয়েছে অসাধারণ ও চোখ ধাঁধানো সব মধ্যযুগের বিভিন্ন দুর্গ, যেসব দুর্গ জোয়ান ও তার বাহিনী নিয়ে দখল করতে হবে। প্রথমে জোয়ান তেমন ভালো যুদ্ধ করতে পারবে না। কিন্তু ধীরে ধীরে প্রতি স্টেজের শেষে বিভিন্ন কম্বো শিখে এবং বার বার সেই কম্বোগুলো প্র্যাকটিস করে কম্বোগুলোতে পারদর্শী হয়ে যাবে। গেমের শেষে জোয়ান পুরোমাত্রায় একজন আদর্শ যোদ্ধা হিসেবে গড়ে উঠবে। এ ছাড়া জোয়ান তলোয়ারের পাশাপাশি আরও অনেক ধরনের অস্ত্রে পারদর্শিতা অর্জন করবে। তবে এ জন্য গেমারকে মনোযোগ দিয়ে জোয়ানকে নিয়ে খেলতে হবে। সঠিক সময়ের ও সঠিক জায়গায় কম্বোগুলো ব্যবহার করতে হবে। গেমের কিছু স্টেজে জোয়ানকে নিয়ে তার বাহিনীর নেতৃত্ব দিতে হবে, বিভিন্ন দুর্ভেদ্য দুর্গ কৌশলে দখল করে নিতে হবে। বিভিন্ন সময় দুর্গ দখল করার জন্য ভারি অস্ত্র যেমন- কটাপুল্ট, ট্র্যাবুচেট, ব্যাটারিং র‍্যাম ইত্যাদি দিয়ে দেয়াল ভেঙে দুর্গে প্রবেশ করতে হবে। গেমের গ্রাফিক্স চোখ ধাঁধানো না হলেও গেমটি যে সালে রিলিজ হয়েছে সে সময়ের পরিপ্রেক্ষিতে গেমের গ্রাফিক্স বেশ ভালোই বলা চলে। গেমের ক্যারেক্টারগুলোর মুভমেন্ট, মার্শাল আর্টের কৌশল ও হাঁটাচলা প্রভৃতি বেশ বাস্তবিকভাবে ফুটিয়ে তোলার চেষ্টা করা হয়েছে। এ ছাড়া গেমের শব্দশৈলীও বেশ চমৎকার। গেমটি খেলার জন্য ১.৫ গিগাহার্টজের প্রসেসর, ২৫৬ মেগাবাইট র‍্যাম ও হার্ডডিস্কে প্রায় ১.১ গিগাবাইট ফাঁকা স্থান লাগবে।


# লেজিয়ন এরিনা

লেজিয়ন এরিনা গেমটি হচ্ছে রিয়েল টাইম ট্যাকটিস ধাঁচের গেম। গেমার এই গেমে বিভিন্ন জাতি বা গোত্র নিয়ে খেলতে পারবেন। এটিতে রোমান জাতি ছাড়াও কেল্ট ও লাতিন বাহিনী নিয়ে গেমটি খেলা যাবে। গেমের পটভূমি হচ্ছে প্রাচীন রোমান সাম্রাজ্য।



গেমটির কাহিনী ও গেমপ্লে- রোম টোটাল ওয়ার গেমের মতো হলেও এটি বেশ উন্নত ধাঁচের গেম। কারণ, এর আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বেশ ভালো। কারণ এখানে যখন বনের ভেতরে মারামারি হবে তখন পদাতিক বাহিনী বিপরীত পক্ষের ঘোড়সওয়ার বাহিনী থেকেও বেশি শক্তিশালী। এ ছাড়া খোলা ময়দানে আবার ঘোড়সওয়ার বাহিনী পদাতিক বাহিনীকে খুব সহজেই কাবু করে ফেলতে পারে। এ ছাড়া গেমের কোনো বাহিনীর সব সৈন্য একই ধরনের নয়, তাদের গ্রাফিক্সেও ভিন্নতা আনা হয়েছে এবং পোশাকেও কিছু পরিবর্তন রয়েছে। গেমে কোনো বন্দুকের ব্যবহার নেই, নেই কোনো আধুনিক টেকনোলজি, নেই কোনো সিজওয়ার ওয়াগন। এ ছাড়া কামানের ব্যবহারও নেই। তবুও গেমটি খেলতে বেশ মজা পাওয়া যাবে, কেননা এতে রয়েছে বুদ্ধিমত্তা প্রয়োগের সুবিধা, নিজের বাহিনীর শক্তিশালী ও দুর্বল দিক যাচাই করে দেখার সুযোগ। এ ছাড়া যুদ্ধক্ষেত্র সম্পর্কে ধারণা দেয়া এবং প্রতিপক্ষের ক্ষমতা সম্পর্কে অবহিত হওয়া। গেমে বিশাল যুদ্ধক্ষেত্র দেয়া হয়েছে, সেই সাথে গেমারকে নিয়ন্ত্রণ করতে হবে কয়েক শত সৈন্য। গেমের যুদ্ধক্ষেত্রে যুদ্ধরত সৈন্যদের দেখলে মনে হবে বাস্তবেই আপনি টিভি পর্দায় কোনো প্রাচীন যুদ্ধক্ষেত্রের দৃশ্য দেখছেন।

গেমে গেমার একজন জেনারেলের ভূমিকায় খেলবেন, যার কমান্ড শুনে শত শত সৈন্য যুদ্ধক্ষেত্রে নিজের জীবন বিপন্ন করতে দ্বিধা করবে না। তবে গেমারকে শুধু যুদ্ধক্ষেত্রেই বিভিন্ন কমান্ড দিতে হবে। এ ছাড়া যখন সৈন্যরা যুদ্ধের আগে আর্মি ক্যাম্পে অবস্থান করবে তখন তাদের বিভিন্ন সুযোগ সুবিধার বিষয়ে খেয়াল রাখতে হবে। তাদের থাকার জায়গার ব্যবস্থা, তাদের খাবারের ব্যবস্থা, বিনোদনের ব্যবস্থা, নতুন ও বেশি শক্তিশালী অস্ত্রের যোগান দেয়া। এছাড়া বিভিন্ন ট্রেনিং দেয়ার ব্যবস্থা, যার ফলে তারা প্রতিপক্ষকে মার দেয়ার জন্য যুদ্ধক্ষেত্রে আরো কৌশলী হতে পারে। গেমের শুরুতেই এ গেমটি কিভাবে খেলতে হবে তা ভালোভাবে বোঝানোর জন্য টিউটোরিয়ালের ব্যবস্থা রাখা হয়েছে। টিউটোরিয়ালে লাতিন জাতি নিয়ে খেলতে হবে। তবে মূল গেমে লাতিন জাতি নিয়ে খেলতে হবে না। কারণ, গেমের মূল দুই জাতি হচ্ছে কেল্ট ও রোমান। গেমটিতে এই দুই শক্তিশালী জাতির মধ্যে সংঘটিত বিভিন্ন ঐতিহাসিক যুদ্ধ রাখা হয়েছে, যেগুলো গেমারকে খেলতে হবে। গেমের সেই ঐতিহাসিক যুদ্ধগুলোর ফলাফল যাই হয়ে থাকুক না কেন, আপনাকে সেই সব ইতিহাস পাল্টে দিতে হবে। তবে গেমে এই ঐতিহাসিক গেমগুলো যোগ করাতে গেমারের রোমান সাম্রাজ্য এবং তৎকালীন রাষ্ট্রব্যবস্থা, যুদ্ধকৌশল, জীবনব্যবস্থা ইত্যাদি সম্পর্কে বেশ ভালো ধারণা হয়ে যাবে। গেমটি বেশ বড় এবং এটি খেলতে অনেক সময় লাগবে, কেননা এতে গেমারকে প্রায় ১০০ মতো যুদ্ধে অংশ নিতে হবে। এ ছাড়া প্রতিটি যুদ্ধের পরে যে পয়েন্ট পাওয়া যাবে সেটি দিয়ে নিজের বাহিনীর ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে হবে, নতুন অস্ত্র কিনতে হবে।



# টুইসটিঙ্গো

এটি গেমটি গেম হাউস কোম্পানির ব্যানারে অবমুক্ত হওয়া বেশ মজার একটি গেম। বিশেষ করে এই গেমটি অল্পবয়স্ক ছেলেমেয়েদের জন্য খুবই ভালো একটি গেম। গেমটি একটি পাজল টাইপের গেম। গেমের দুটি মোড রয়েছে– অ্যাডভেঞ্চার ও টাইম ট্রায়াল। অ্যাডভেঞ্চার মোডে দেখানো হয়েছে একজন শয়তান জাদুকর তার দ্বীপে নানা ধরনের পশুপাখি আটকে রেখেছে। গেমারকে প্রতি মিশনে দ্বীপের বিভিন্ন অবস্থানে গিয়ে পাজল সমাধান করতে পারলে সেই স্থানে বন্দী থাকা পশু বা পাখিটি মুক্ত হয়ে যাবে। সাধারণত গেমের মূল পাজল হচ্ছে একসারি নম্বরযুক্ত বল। এই বলগুলো একটি নির্দিষ্ট সময় পর পর সামনে এগিয়ে যাবে এবং শেষ পর্যন্ত একটি গর্তের মুখে চলে যাবে। গেমারের মূল কাজ হবে বলগুলো যাতে করে গর্তে না চলে যায় এবং এটি সম্ভব করতে হলে গেমারকে একটি চার্ট বোর্ডে থাকা নম্বর দেখে বলগুলোর নম্বরের সাথে মিলিয়ে দিতে হবে। যদি গেমার বলে থাকা ও চার্টে থাকা নম্বর মিলিয়ে ফেলতে পারে তাহলে বলটি বিস্ফোরিত হবে এবং বলের সারি ছোট হয়ে আসবে। এভাবে বলের সারি থেকে বলগুলোর নম্বর মিলিয়ে সব বল বিস্ফোরিত করতে পারলে একটি স্টেজ শেষ হবে। সেই সাথে সেখানে থাকা প্রাণীটিও মুক্ত হয়ে যাবে। গেমে বলের নম্বর ও চার্টে থাকা নম্বর মেলানো সহজ ব্যাপার নয়। গেমটি খেলার জন্য খুব মনোযোগী হতে হবে। কেননা ভুল নম্বরে ক্লিক করে ফেললে বলের সারি বেশ খানিকটা এগিয়ে যাবে। যাদের মনে রাখার ক্ষমতা ভালো তারা এই গেমটি বেশ আরাম করে খেলতে পারবেন। কারণ তখন সারির একাধিক নম্বর একসাথে মনে রেখে চার্ট থেকে সেই নম্বরগুলো বাছাই করে নিলেই হবে। যাদের মনে রাখার ক্ষমতা কম তারা হয়তো তেমন মজা পাবেন না, তবে এটি বার বার খেললে মনোযোগ ও স্মরণশক্তি উভয়ই বেশ বৃদ্ধি পাবে।




টাইম ট্রায়াল মোডে গেমার মূল গেমে থাকা ১৮ স্টেজের যেকোনোটি বাছাই করে একটি বেঁধে দেয়া সময়ের মধ্যে বলের সারি শেষ করে দিতে হবে। তারপর নিজের স্কোর সংরক্ষণ করে অনলাইনে পাবলিশ করে দিতে পারবে। অন্য কেউ তাকে চ্যালেঞ্জ করতে চাইলে সেই স্টেজ তাকে আবার খেলে আগের প্লে-য়ারের থেকে আরো বেশিই স্কোর তুলতে হবে। যে যত কম সময়ে বলের সারি কমাতে পারবে ও পুরো স্টেজের সব বল গায়েব করে দিতে পারবে সে তত বেশি পয়েন্ট বা স্কোর তুলতে পারবে। অ্যাডভেঞ্চার মোডে গেমারকে বলগুলো যাতে গর্তে না পড়ে সেদিকে খেয়াল রাখতে হবে, কিন্তু টাইম ট্রায়াল মোডে গেমারকে যত কম সময়ে সব বলের নম্বর মেলানো যায় সেটির দিকে খেয়াল রাখতে হবে। এ ছাড়া টাইম ট্রায়াল মোডে কোনো ভুল নম্বরে ক্লিক করে ফেললে বলের সারি এগিয়ে যাবে না, বরং এক্ষেত্রে শাস্তি হিসেবে সময় কমে যাবে।



এটি বেশ ছোট আকারের গেম। মাত্র ৯ মেগাবাইটের এবং এটি ইনস্টল করার পর হার্ডডিস্কে ২৫ মেগাবাইটের মতো জায়গা দখল করবে। এটি চালাতে পেন্টিয়াম ৩ মানের কমপিউটারই যথেষ্ট, সেই সাথে ৬৪ মেগাবাইট র‍্যাম হলেই চলবে। ইচ্ছে করলে ইন্টারনেট থেকে গেমটির ৩০ দিনের ফ্রি ভার্সন ডাউনলোড করে নিতে পারবেন।